



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours PART-III Examinations, 2018

বাংলা - সাম্মানিক

সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১. নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০
- (ক) প্রবন্ধসাহিত্য বলতে কী বোঝো? যথোপযুক্ত উদাহরণের সাহায্যে বস্তুনিষ্ঠ (Objective) প্রবন্ধ ও ব্যক্তিনিষ্ঠ (Subjective) প্রবন্ধের প্রকৃতি বিশ্লেষণ করো। ২+৪+৪
- (খ) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমনীয় হয়ে ওঠে? রম্যরচনা ও লঘুরচনা কী একজাতের? বাংলা সাহিত্যের একটি সফল রম্যরচনা সম্পর্কে আলোকপাত করো। ৩+৩+৪
- (গ) ব্যক্তিগত পত্র কোন্ গুণে পত্রসাহিত্য হয়ে ওঠে বুঝিয়ে দাও। বাংলা পত্রসাহিত্য সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। ৫+৫
- (ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো দুটি) ৫+৫
- (অ) ডায়ারি-সাহিত্য।
- (আ) ভ্রমণসাহিত্য।
- (ই) মনস্তাত্ত্বিক সাহিত্য সমালোচনা পদ্ধতি।
২. “সকলেরই এক একটি বহি আছে— সকলেই সে বহিতে পুড়িয়া মরিতে চাহে....।”— কোন্ প্রবন্ধের অংশ? ‘বহি’ বলতে উক্ত প্রবন্ধে কী বোঝানো হয়েছে? উক্ত অংশটি অবলম্বনে প্রবন্ধটির মূল বক্তব্য আলোচনা করো। ১+৫+৯
- অথবা
- বাংলা গদ্যধারায় ‘কমলাকান্তের দপ্তর’ এক নতুন গদ্যরীতির প্রবর্তন করেছিল— আলোচনা করো। ১৫
৩. “এই জন্যে স্বর্গের উপর আড়ি করে আমি আমার দরিদ্র মায়ের ঘর আরো বেশি ভালোবাসি।”— ‘এই জন্যে’ বলতে লেখক কোন্ কারণটি বুঝিয়েছেন? তাঁর সুগভীর মর্ত্যপ্রীতির মধ্যে প্রকৃতির মাতৃস্বরূপ কীভাবে অনুভূত হয়েছে? পঠিত পত্রের সূত্রে আলোচনা করো। ৫+১০
- অথবা
- ‘ছিন্নপত্র’ নিছক কতকগুলি পত্রের সমাবেশ নয়, তার মধ্য দিয়ে পত্রসাহিত্যের যে বিশেষ লক্ষণগুলি ফুটে উঠেছে, সে বিষয়ে তোমার মতামত দাও। ১৫

**B.A./Part-III/Hons./BNGA-VII/2018**

৪. বহুভাষার দেশ ভারত সম্পর্কে অষ্টদশশতাব্দীর রায়ের বক্তব্য পরিশুদ্ধ করে হিন্দিতে 'জাতীয় ভাষা'-রূপে গ্রহণ করা চলে কিনা সে বিষয়ে আলোচনা করো। ১৫
- অথবা
- কৃষিপ্রধান ভারতবর্ষীয় সমাজের কৃষিকেন্দ্রিক বিভিন্ন সমস্যার কথা ও তার সমাধান-প্রসঙ্গ 'কৃষিসমস্যা ও আমদা' প্রবন্ধে অবলম্বনে বর্ণনা দাও। ১৫
৫. সাহিত্যে আধুনিকতা বলতে কী বোঝায়- বিভিন্ন কালের সাহিত্য আলোচনার মাধ্যমে তার তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫
- অথবা
- 'আর বাঙালি কবির পক্ষে, বিশ শতকের তৃতীয় চতুর্থ দশকে, প্রধানতম সমস্যা ছিলেন রবীন্দ্রনাথ।'- কোন প্রবন্ধে কার মন্তব্য? উদ্ধৃতাংশের আলোকে প্রবন্ধটি আলোচনা করো। ২+১৩
৬. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ ২০×১=২০
- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিম্নবর্গীয় জীবন ও সমাজ।
- (খ) রবীন্দ্রনাথের ছোটগল্পে শিশু ও কিশোর চরিত্র।
- (গ) উনিশ শতকের গীতিকবিতার ধারা।
- (ঘ) জন্ম শতবর্ষে কথাসাহিত্যিক নারায়ণ গঙ্গোপাধ্যায়।
- (ঙ) বিশ শতকের আশি ও নব্বই-এর মেয়েদের কবিতা।
- (চ) বাংলা প্রহসনের গতিপ্রকৃতি।